# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 12-09-2026** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) নতুন দিল্লিতে ব্রিকস গোষ্ঠীভূক্ত দেশগুলি সমস্ত ধরনের সন্ত্রাসবাদের তীব্র নিন্দা করেছে।

২) বিজেপি সরকার রাজ্যের ঐতিহ্য, পরম্পরা ও সংস্কৃতিকে ফিরিয়ে আনবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

৩) মাদক চোরা চালান বন্ধে অ্যান্টি নারকোটিকস্ টাস্ক ফোর্স গঠনের বিজ্ঞপ্তি জারি করেছে রাজ্য সরকার।

৪) আসন্ন উপ-নির্বাচনে কোন শিবিরের হাতে দলের নাম ও প্রতীক থাকবে তা ঠিক করতে আজ তৃণমূল কংগ্রেসের দুই পক্ষের বক্তব্য শুনেছে নির্বাচন কমিশন।

৫) সোমনাথ স্বাভিমান পর্বের অঙ্গ হিসেবে রাজ্য সরকারের ব্যবস্থাপনায় বিশেষ ট্রেনে সোমনাথ যাত্রার আজ সূচনা হয়েছে।

oooooooooooooooooooooo

নতুন দিল্লিতে ব্রিকস গোষ্ঠীভূক্ত দেশগুলি সমস্ত ধরনের সন্ত্রাসবাদের তীব্র নিন্দা করেছে। সম্মেলনে গৃহীত ঘোষণাপত্রে এই ধরনের ঘটনাকে চরম অরপাধমূলক এবং সম্পূর্ণ অন্যায় বলে অবিহিত করেছে। গত বছর ২২-শে এপ্রিল জম্মু-কাশ্মীরে সন্ত্রাসবাদী হামলাকে তীব্র ভাষায় ধিক্কার জানানো হয়েছে। সীমান্তে অনুপ্রবেশ, অর্থের যোগান এবং সন্ত্রাসবাদীদের নিরাপদ আশ্রয়স্থল সম্পূর্ণ বিলোপের দায়বদ্ধতার উল্লেখ করে সব ধরনের সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই-এর অঙ্গীকার পুনর্ব্যক্ত করা হয়েছে।

ooooooooooooooooooooooooo

বিজেপি সরকার রাজ্যের ঐতিহ্য, পরম্পরা ও সংস্কৃতিকে ফিরিয়ে আনবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। তিনি আজ কলকাতার কেষ্টপুরে গণেশ পূজার সূচনা করে বলেন, বামপন্থীরা ৩৪ বছর ক্ষমতায় থাকাকালীন সময়ে এই রাজ্যের ঐতিহ্যকে কোন গুরুত্ব দেয়নি। গত ১৫ বছরে তৃণমূল কংগ্রেস বাংলার পরম্পরা পাল্টে দেওয়ার চেষ্টা করেছে। দেড় দশকে সনাতনীদের মধ্যে বিভাজন তৈরির চেষ্টা হয়েছে বলে অভিযোগ করে তিনি জানান, পঞ্জিকার তিথি মেনে এবার শারদীয়া দুর্গাপুজো দেবী পক্ষে সূচনা করা হবে।

আমিষ বিতর্কে মুখ্যমন্ত্রী বলেন-

(বাইট-মুখ্যমন্ত্রী)

দুর্গাপুজোর সময় মন্ডপের কাছে বামপন্থীদের স্টল দেওয়া নিয়েও কটাক্ষ করেন শুভেন্দুবাবু।

শুভেন্দু অধিকারী, মমতা ব্যানার্জীর দেখানো পথেই হাটছেন বলে সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী অভিযোগ করেছেন।

(বাইট – সুজন)

oooooooooooooooooooooo

রাজ্যে মাদক চোরা চালান বন্ধে অ্যান্টি নারকোটিকস্ টাস্ক ফোর্স - ANTF গঠনের বিজ্ঞপ্তি জারি করেছে রাজ্য সরকার। কেন্দ্রীয় সরকারের নারকোটিক্স কন্ট্রোল ব্যুরোর অনুকরণে এডিজির নেতৃত্বে গঠিত রাজ্যস্তরের এই টাস্ক ফোর্স মাদক সংক্রান্ত অপরাধের দ্রুত তদন্ত করে আইনি ব্যবস্থা নেবে। কলকাতায় ANTF –এর সদর দপ্তর। রাজ্যকে উত্তর, পশ্চিম ও দক্ষিণ এই তিনটি জোনে ভাগ করে সংশ্লিষ্ট পুলিশ সুপারের নেতৃত্বে এই টাস্ক ফোর্স কাজ করবে। সূত্রের খবর প্রতিটি পুলিশ জেলা বা কমিশনারেট এলাকায় একটি করে নারকোটিক্স এনফোর্সমেন্ট শাখা গঠন করা হবে।

oooooooooooooooooooooooooo

আসন্ন উপনির্বাচনে কোন শিবিরের হাতে দলের নাম ও প্রতীক থাকবে, তা ঠিক করতেই আজ নির্বাচন কমিশন শুনানিতে ডাকে তৃণমূল কংগ্রেসের দুই গোষ্ঠীকে। প্রথমে বিক্ষুব্ধ গোষ্ঠীর সঙ্গে বৈঠকে বসে নির্বাচন কমিশন। বৈঠকের পরই সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে বিরোধী দলনেতা জানিয়েছেন, তাঁরা তাঁদের বক্তব্য নির্বাচন কমিশনকে জানিয়েছেন। নির্বাচন কমিশনের তরফে তাদের কাছে তথ্য চাওয়া হয়েছিল বলে বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায় জানান।

(বাইট – ঋতব্রত)

কালীঘাট তৃণমূলের সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেন, কমিশনের কাছে তারা তাদের বক্তব্য রেখেছেন। নির্বাচন কমিশন এরপরে সিদ্ধান্ত নেবে। পাশাপাশি তৃনমূলের টিকিটে জয় লাভ করা বিক্ষুব্ধ বিধায়ক সাংসদদেরও কটাক্ষ করেন কল্যাণ বাবু।

(বাইট – কল্যাণ)

তৃণমূল কংগ্রেসের দুই গোষ্ঠীর বিবাদকে কটাক্ষ করেছেন রাজ্যের মন্ত্রী দিলীপ ঘোষ।

(বাইট - দিলীপ)

oooooooooooooooooooooo

রাজ্যের দুটি বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনের জন্য বামফ্রন্ট আজ প্রার্থীদের নাম ঘোষণা করেছে। রেজিনগর বিধানসভা কেন্দ্রের জন্য সিপিআইএম প্রার্থী আইনজীবি সইদ আসাদ আলি এবং নন্দীগ্রাম বিধানসভা কেন্দ্রের জন্য সিপিআই প্রার্থী শান্তি গোপাল গিরি নাম বামফ্রন্টের তরফে ঘোষণা করা হয়। আগামী ৬ই অক্টোবর ওই দুই কেন্দ্রের বিধানসভা উপনির্বাচনের জন্য ভোট গ্রহণ করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা পুরসভা এলাকায় অবৈজ্ঞানিক পদ্ধতিতে ওয়ার্ড ভাগ করা হচ্ছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার মন্তব্য করেছেন। আজ কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে তিনি অভিযোগ করেন, ওয়ার্ড পুনর্বিন্যাসের মাধ্যমে আসলে বিজেপি পুর বোর্ড দখল করতে চাইছে। নিত্য প্রয়োজনীয় সামগ্রীর মূল্য বৃদ্ধি নিয়েও সরকারের ভূমিকার সমালোচনা করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সোমনাথ স্বাভিমান পর্বের অঙ্গ রাজ্য সরকারের ব্যবস্থাপনায় বিশেষ ট্রেনে সোমনাথ যাত্রার ব্যবস্থা করা হয়েছে। কলকাতা স্টেশন থেকে আজ এই ট্রেন যাত্রার সূচনা করেন পর্যটন মন্ত্রী ডক্টর শঙ্কর ঘোষ। অনুষ্ঠানে তিনি বলেন, বিদেশী পর্যটকদের আকর্ষন বাড়াতে রাজ্যের সমস্ত শক্তিপীঠগুলির উন্নয়নে রাজ্য সরকার সবরকম পদক্ষেপ নিচ্ছে। দেশের প্রকৃত ইতিহাস তরুণ প্রজন্মকে জানাতে সরকার বদ্ধপরিকর।

(বাইট – শঙ্কর ঘোষ)

ট্রেনটি সোমনাথে পৌঁছবে ১৪’ই সেপ্টেম্বর- সোমবার। ১৫ ও ১৬’ই সেপ্টেম্বর তীর্থযাত্রীদের জন্য সোমনাথে রয়েছে বিভিন্ন কর্মসূচী। ১৭-ই সেপ্টেম্বর সোমনাথ থেকে কলকাতার উদ্দেশে যাত্রা করবে বিশেষ ট্রেনটি। এখানে এসে পৌঁছবে বিশে সেপ্টেম্বর।

পশ্চিমবঙ্গ ও গুজরাট সরকারের যৌথ উদ্যোগে নিখরচায় দ্বাদশ জ্যোতির্লিঙ্গ দর্শনের সুযোগ পেয়েছেন বাঁকুড়ার ৩৬ জন পর্যটক। বাঁকুড়া জেলা শাসকের দপ্তরের সামনে থেকে একটি বিশেষ বাসে তাঁদের নিয়ে যাওয়া হয় আসানসোলে। সেখান থেকে ট্রেনে তাঁরা যাচ্ছেন সোমনাথ মন্দিরে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম বর্ধমানের বারাবনি বিধানসভার অন্তর্গত নুনী গ্রাম পঞ্চায়েত দখল করেছে বিজেপি। মোট ১২ সদস্যের এই পঞ্চায়েতে এতোদিন বিজেপি এবং বামফ্রন্টের একজন করে প্রতিনিধি ছিলেন। সম্প্রতি পঞ্চায়েতে নানা অনিয়মের অভিযোগ তুলে আনা হয় অনাস্থা প্রস্তাব। বাম প্রতিনিধি এবং তৃণমূল কংগ্রেসের বেশিরভাগ সদস্য উপস্থিত না থাকলেও বিজেপি সদস্য সহ মোট ৭ জন ভোট দেন । সর্বসম্মতিক্রমে পঞ্চায়েত প্রধান নির্বাচিত হয়েছেন বিজেপি-র রিতু বাউড়ি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

শালবনিতে জমি দুর্নীতি মামলায় ধৃত তৃণমূল সাংসদ অভিষেক ব্যানার্জীর আপ্ত সহায়ক সুমিত রায়কে জিজ্ঞাসাবাদ করে জমি লেনদেন এবং অর্থ পাচার সংক্রান্ত একাধিক গুরুত্বপূর্ণ তথ্য মিলেছে বলে সূত্রের খবর। বৃহস্পতিবার থেকে সুমিতকে দফায় দফায় জেরা করছেন তদন্তকারীরা। পুলিশ সূত্রে খবর, জেরায় তাদের প্রশ্নের উত্তর দেওয়ার ক্ষেত্রে সহযোগিতা করছেন সুমিত। শীঘ্রই তাঁর বয়ানও রেকর্ড করা হবে বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে একটি বড়সড় সাইবার প্রতারণা চক্র ভেঙে দিয়েছে পুলিশ। ১০ জন প্রতারককে গ্রেফতার করা হয়েছে। সুনির্দিষ্ট খবরের ভিত্তিতে পুলিশ সোনারতরী, নঈমনগর এবং মসজিদ মহল্লা এলাকায় অভিযান চালায়। ধৃতদের মধ্যে ঝাড়খন্ডের জামতাড়ার এক বাসিন্দারও রয়েছে। বেশ কয়েকটি ইলেক্ট্রনিক সামগ্রী উদ্ধার করেছে পুলিশ। ধৃতদের আজ দুর্গাপুর মহকুমা আদালতে তোলা হলে পুলিশ হেফাজত হয়েছে।

এদিকে, এটিএম জ্বালিয়াতি কান্ডের তদন্তে কলকাতা থেকে তিন দুষ্কৃতিকে গ্রেফতার করেছে দিল্লি পুলিশ। ৬২-টি এটিএম কার্ড ১০-টি সিম কার্ড ১৪-টি মোবাইল ফোন উদ্ধার হয়েছে। ধৃতরা সকলেই বিহারের জাহানাবাদের বাসিন্দা বলে জানা গেছে।

oooooooooooooooooooooo

রক্ষণাবেক্ষণের কাজের জন্য আগামীকাল কলকাতা মেট্রোর ব্লু লাইনের গীতাঞ্জলি ও কবি নজরুল মেট্রো স্টেশনের মধ্যে ট্রাফিক ও পাওয়ার ব্লক থাকবে। ফলে, আগামীকাল সকাল ৯টা থেকে সন্ধ্যা সাড়ে ৬-টা পর্যন্ত শহীদ ক্ষুদিরাম ও মহানায়ক উত্তম কুমার স্টেশনের মধ্যে কোনো মেট্রো পরিষেবা পাওয়া যাবে না। তবে, দক্ষিণেশ্বর ও মহানায়ক উত্তম কুমার স্টেশনের মধ্যে মেট্রো পরিষেবা স্বাভাবিক থাকবে।

ooooooooooooooooooooooooo

জরুরী মেরামতি ও রক্ষনাবেক্ষনের কাজের জন্যে কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলী সেতু আগামীকাল আরও এক দফায় বন্ধ রাখা হবে। সকাল ৬টা থেকে বেলা ১০টা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে কোন যান চলাচল করবে না বলে কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এই সময় সমস্ত যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

ooooooooooooooooooooooooo

স্বাধীন চিন্তা পরীক্ষা নিরীক্ষা এবং উদীয়মান সৃজনশীল লেখনিকে বাঁচিয়ে রাখতে **কলকাতা ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর আর্ট এন্ড কালচারের** উদ্যোগে শুরু হয়েছে দুদিনের লিটল ম্যাগাজিন মেলা। দক্ষিণ কলকাতার বালিগঞ্জে আজ এর সূচনা করেন বিশিষ্ট প্রাবন্ধিক অনিল আচার্য। ২৫ টি লিটিল ম্যাগাজিন এই মেলায় অংশ নিয়েছে।

oooooooooooooooooooooo

সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস রয়েছে। পাশাপাশি উত্তরবঙ্গে হিমালয় সন্নিহিত জেলাগুলিতে ভারী বৃষ্টির হলুদ সতর্কতা জারি হয়েছে।

oooooooooooooooooooooo

মালদার মানিকচকের ভূতনিতে বন্যার জল কিছুটা কমলেও এখনও বিস্তীর্ণ এলাকা জলের তলায়। প্রায় ২ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হন। বহু পরিবার এখনও ত্রাণ শিবিরে কিংবা উঁচু জায়গায় দিন কাটাচ্ছেন। গত তেশরা সেপ্টেম্বর গঙ্গার বাঁধ ভেঙে জল ঢুকে উত্তর চন্ডীপুর, দক্ষিণ চন্ডীপুর এবং হীরানন্দপুর গ্রামপঞ্চায়েত পুরোপুরি জলের তলায় চলে যায়। অসহায় মানুষজন দ্রুত আরও বেশী সরকারী সাহায্যের আবেদন জানিয়েছেন।

ooooooooooooooooooooooooo